

ঢাকা ওয়াসা

- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগার এর ২০২৪-২০২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার'র কপি।
- (২) PWD-2022 Rate Schedule.
- (৩) Calculation Sheet.
- (৪) প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ “Supply & fitting fixing rebar fencing for Dasherakandi STP” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং- ১ হতে ৪ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে ঢাকা ওয়াসা কর্তৃক দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। বর্তমানে গত ০১/০৭/২০২৩খ্রিঃ তারিখ হতে আলোচ্য পয়ঃশোধনাগারটি ঢাকা ওয়াসার তত্ত্বাবধানে Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগারটি দক্ষিণ এশিয়ার মধ্যে অন্যতম বৃহত্তম এবং বাংলাদেশে সর্ববৃহৎ ও সর্বপ্রথম অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন পয়ঃশোধনাগার। আলোচ্য পয়ঃশোধনাগারটিতে প্রবেশের জন্য ২.৬১ একর জমি অধিগ্রহণ করা হয়েছে। Access road এর দৈর্ঘ্য ১১২৩ফুট ও প্রস্থ ১১০ফুট। Access road এর উপরের অংশে রাস্তার প্রস্থ প্রায় ৩০ফুট ও স্লোপসহ নিচের প্রস্থ প্রায় ৫০ফুট। অর্থাৎ স্লোপের নীচ থেকে প্রায় ৩০ফুট পরে উভয় পার্শ্বে সীমানা প্রাচীর রয়েছে। বিদ্যমান সীমানা প্রাচীরের ব্রিক ওয়ালের উচ্চতা প্রায় ৩ফুট ও কলামের উচ্চতা প্রায় ১০ফুট। অর্থাৎ ব্রিক ওয়ালের উপরে ২টি কলামের উপরে প্রায় ৭ফুট উচ্চতায় ফাঁকা রয়েছে। যা দিয়ে রাস্তার উভয় পার্শ্বের ভূমি মালিকগণ নিয়মিত Access road-এ প্রবেশ করে। বিধায় পয়ঃশোধনাগারের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। বর্তমানে বাউন্ডারি ওয়ালের উভয় পার্শ্বের ভূমি মালিকগণ নিজ নিজ ভূমি ভরাতের কাজ করছে এবং যেকোন সময় Access road এ বর্ণিত খালি জায়গা দখল করে নিতে পারে। পরবর্তীতে তাদেরকে উচ্ছেদ করা কষ্টসাধ্য হতে পারে। বিধায় জরুরী ভিত্তিতে ব্রিক ওয়ালের উপরে বর্ণিত ফাঁকা জায়গায় MS rod এর Fencing লাগানো জরুরী। সে লক্ষ্যে ১টি Calculation sheet প্রস্তুত করে তদানুযায়ী PWD-2022 Rate Schedule অনুযায়ী ১টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-২, ৩ ও ৪ দ্রঃ)। প্রাক্কলিত মোট মূল্য ১৪,৯৫,৯৭২.০০/- (চৌদ্দ লক্ষ পঁচানব্বই হাজার নয়শত বাহাত্তর টাকা) মাত্র। উল্লেখ্য, আলোচ্য কাজের ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রাপ্ত রাজস্ব বাজেটের Water & Sewage Treatment Plant (O&M) (01-04-011) খাত হতে এবং অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ৯৯ হতে নির্বাহ করা হবে।


০৩। আলোচ্য “Supply & fitting fixing rebar fencing for Dasherakandi STP” কাজটি CPTU প্রণীত Standard Tender Document (STD) e-PG3 অনুসরণে e-GP তে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) এ দরপত্র আহবানের মাধ্যমে সম্পূর্ণ করা হবে। দরপত্র দলিলের e-TDS অংশের ITT1.1 এ procuring Entity হিসেবে নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার, ঢাকা ওয়াসা দায়িত্ব পালন করবেন এবং উক্ত ক্রয়কারী কর্তৃক দরপত্র আহবান, NOA ইস্যু, চুক্তি সম্পাদন, কার্য সম্পাদন নোটিশ জারী ইত্যাদি সকল কার্যক্রম গ্রহণ করা হবে। আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০৪। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Access road -এর উভয় পার্শ্বে বিদ্যমান সীমানা প্রাচীরের ২টি কলামের মধ্যে ব্রিক ওয়ালের উপরের অংশে MS rod এর Fencing লাগানো লক্ষ্যে “Supply & fitting fixing rebar fencing for Dasherakandi STP” শীর্ষক কাজটি e-GP প্রক্রিয়ায় PPR-2008 এর ধারা ৬১ অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) -তে CPTU এর Standard Tender Document (STD) এর e-PG2 অনুসরণে সম্পাদনের নিমিত্তে মোট ১৪,৯৫,৯৭২.০০/- (চৌদ্দ লক্ষ পঁচানব্বই হাজার নয়শত বাহাত্তর টাকা) মাত্রের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।


৩০/০৪/২০২৫


মনমোহন রায়
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।


৩০.০৪.২০২৫


মোঃ হাবিবুর রহমান রনি
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।



৩০/০৪/২০২৫

মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।


৩০/০৪/২৫

মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃশোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।




২০২৫

প্রকৌশলী মোঃ আব্দুল গলাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা